

সংবাদ বিজ্ঞপ্তি:

**মাননীয় শিক্ষামন্ত্রীকে নোবিপ্রবি পরিবারের
প্রাণঢালা অভিনন্দন**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী হিসেবে নিয়োগ পাওয়ায় জনাব মহিবুল হাসান চৌধুরীকে অভিনন্দন জানিয়েছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃপক্ষ। শুক্রবার (১২ জানুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর মাননীয় শিক্ষামন্ত্রীকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

অভিনন্দন বার্তায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. দিদার-উল-আলম বলেন, ‘বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী হিসেবে নিয়োগ পাওয়ায় জনাব মহিবুল হাসান চৌধুরীকে নোবিপ্রবি পরিবারের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন, অভিবাদন ও শুভেচ্ছা। তিনি গত ৫ বছর সফলতা ও আন্তরিকতার সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা ও বঙ্গবন্ধুতনয়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তার তারুণ্যদীপ্ত দক্ষ নেতৃত্বে ও বিচক্ষণ দিক-নির্দেশনায় দেশের শিক্ষাব্যবস্থায় বড় রূপান্তর ঘটবে।

উল্লেখ্য, বৃহস্পতিবার (১১ জানুয়ারি ২০২৪) সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরীসহ নবগঠিত মন্ত্রিসভার সদস্যদের শপথবাক্য পাঠ করান মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

